

আমি কে?

আমার পিছনে ঘুরছে ‘পাফারাংজি’,
ঝানু সাংবাদিক
আমার দুপাশে হাঁটছে ‘কবি’ - নামধারী নপুংশক
আমার বীরত্ব নিয়ে তথ্যচিত্র দেখাচ্ছে বি.বি.সি.
আমার নিহিত প্লানে-এ সিঁদ কাটছে দুঁদে গোয়েন্দারা।

আমার বাপান্ত করছে মাঝবয়সী কবি - দম্পত্তিরা
গোপন ক্যামেরা নিয়ে ফলো করছে ‘প্রেস’ লেখা গাড়ি
যখন যে রাস্তা ধরে হাঁটছি, তার একটা গলি আগে
লুকোনো বন্দুক হাতে কেউ হয়ত অপেক্ষা করে আছে...

আমার হাতেরলেখা জাল করছে হস্তরেখাবিদ্
আমার ফিঙ্গারপ্রিন্ট রাখা আছে ফরেন্সিক দপ্তরে
দৈবাং ভেজা বালিতে যদি পায়ের ছাপ রেখে যাই
অমনি তার দৈর্ঘ্য - প্রস্থ মেপে নিচে সেপাই - সান্ত্বীরা।

আমি জঙ্গি, আততায়ী, আমি এক জ্যান্ত বিফোরক
মালদা থেকে পুলিয়ায় আমার বিস্তীর্ণ ‘মুন্ডাঞ্জল’
একদিন আচমকাই ঘটিয়ে দেব গণ - অভ্যুত্থান
আমার লাল পতাকা উড়তে থাকবে বাড়িতে বাড়িতে...

অর্নব সাহা